

জীবন, তোকে নিয়ে

ওজনে কম হল যৌবন  
আঙুলে বড় হল আংটি  
কোথাও তবু ভারসাম্য  
বজায় রেখে চলে শান্তি

পা দিলে পড়ে যাব নিৰ্ঘাৎ  
শ্যাওলা পোষে কত কাৰ্নিশ  
প্ৰেমের দিকটায় যাই না।  
ৰাতের বাসে লং জাৰ্নি ...

যেদিকে ঈশ্বৰ থাকে না  
সেদিকে মুখ করে পেচছাপ।  
ফ্ল্যাটের ছোট-ছোট জানলায়  
আদর, প্ৰবলেম, কেচছা ...

সময়-অসময় দুই ভাই।  
দুয়েরই খুৰে-খুৰে পেন্নাম  
মরে যাবার পর স্বৰ্গ ...  
মরে যাবার আগে ঘেন্না!

জীবন, তোকে নিয়ে সকলেই  
লিখেছি তিন-চার ছত্ৰ  
সেসব নিয়ে আজ বই হোক —  
'সেলিম লংড়ে পে মত রো'

শ্ৰীজাত

